

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫৯]

পর্ব-৫: সালাত প্রসঙ্গ (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪: দিনে ও রাতে কত ওয়াক্ত সালাত ফরয হয়েছে?

باب كم فرضت في اليوم والليلة

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكٍ، عَنْ أَبِي سُهَيْلٍ، عَنْ أَبِيهِ، أَنَّهُ سَمِعَ طَلْحَةَ بْنَ عُبَيْدِ اللَّهِ، يَقُولُ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَهْلِ نَجْدٍ ثَائِرِ الرَّأْسِ نَسْمَعُ دَوِيَّ صَوْتِهِ وَلَا نَفْهَمُ مَا يَقُولُ حَتَّى دَنَا، فَإِذَا هُوَ يَسْأَلُ عَنِ الْإِسْلَامِ، فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: خَمْسُ صَلَوَاتٍ فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ، قَالَ: هَلْ عَلَيَّ غَيْرُهُنَّ؟ قَالَ: لَا، إِلَّا أَنْ تَطَوَّعَ، قَالَ: وَصِيَامُ شَهْرِ رَمَضَانَ، قَالَ: هَلْ عَلَيَّ غَيْرُهُ؟ قَالَ: لَا، إِلَّا أَنْ تَطَوَّعَ، وَذَكَرَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الزَّكَاةَ، قَالَ: هَلْ عَلَيَّ غَيْرُهَا؟ قَالَ: لَا، إِلَّا أَنْ تَطَوَّعَ، فَأَدْبَرَ الرَّجُلُ وَهُوَ يَقُولُ: وَاللَّهِ لَا أَزِيدُ عَلَى هَذَا وَلَا أَنْقُصُ مِنْهُ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَفْلَحَ إِنْ صَدَقَ .

تخريج دارالدعوة: صحيح البخارى/الإيمان ٣٢ (٤٦)، والصوم ١ (١٨٩١)،
والشهادات ٢٦ (٢٦٧٨)، والحيل ٣ (٦٩٥٦)، صحيح مسلم/الإيمان ٢ (١١)، سنن أبى
داود/الصلاة ١ (٣٩١، ٣٩٢)، الإيمان والنذور ٥ (٣٢٥٢)، صحيح مسلم/قصر الصلاة
٢٥ (٩٤)، (تحفة الأشراف: ٥٠٠٩)، ويأتي عند المؤلف بأرقام: ٢٠٩٢، ٥٠٣١، مسند
احمد ١/١٢٦، سنن الدارمى/الصلاة ٢٠٨ (١٦١٩) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 459 - صحيح

বাংলা

৪৫৮. কুতায়বাহ্ (রহ.) ত্বলহাহ্ ইবনু উবায়দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নাজদ এলাকার অধিবাসী এক লোক রাসূলুল্লাহ (সা.) -এর নিকট এলো। তার মাথার চুল ছিল এলোমেলো। আমরা তার গুন গুন আওয়াজ শুনছিলাম কিন্তু সে কি বলছিল তা আমরা বুঝতে পারছিলাম না। সে আরো নিকটবর্তী হল এবং ইসলাম সম্পর্কে জিজ্ঞেস করতে শুরু করল। রাসূলুল্লাহ (সা.) তার প্রশ্নের জবাবে বললেন, রাত ও দিনে পাঁচ ওয়াক্ত সালাত তোমার জন্যে ফরয। সে জিজ্ঞেস করল, এগুলো ছাড়া আমার ওপরে আরো (অতিরিক্ত করণীয়) কিছু আছে কি? তিনি (সা.) বললেন, না, তবে নফল আদায় করতে পার। রাসূলুল্লাহ (সা.) - বললেন, আর রমায়ানের এক মাসের সওম (রোযা)। সে জিজ্ঞেস করল, এ এক মাস সাওম (রোযা) ছাড়া আমার ওপরে আরো সওম আছে কি? তিনি (সা.) বললেন, না, তবে নফল রোযা পালন করতে পার। রাসূলুল্লাহ (সা.) তাকে যাকাতের কথা বললেন, সে জিজ্ঞেস করল- এ যাকাত ছাড়া আমার ওপরে আরো কোন (দানের হুকুম) আছে কি? তিনি (সা.) বললেন, না, তবে নফল দান করতে পার। তারপর সে ব্যক্তি এ কথা বলতে বলতে চলে গেল- “আল্লাহর শপথ! আমি এ (হুকুম)-গুলোর উপর অতিরিক্ত কিছু করবো না এবং এগুলো হতে কমও করবো না। রাসূলুল্লাহ (সা.) বললেন, সে সফল হবে যদি তার কথায় সত্যবাদী হয়।

English

4. How Many (Prayers) Are Enjoined Each Day And Night?

It was narrated from Abu Suhail, from his father, that he heard Talhah bin 'Ubaidullah say: A man from the people of Najd came to the Messenger of Allah (ﷺ) with unkempt hair. We could hear him talking loudly but we could not understand what he was saying until he came closer. He was asking about Islam. The Messenger of Allah (ﷺ) said to him: 'Five prayers each day and night.' He said: 'Do I have to do anything else' He said: 'No, unless you do it voluntarily.' He said: 'And fasting the month of Ramadan.' He said: 'Do I have to do anything else?' He said: 'No, unless you do it voluntarily.' And the Messenger of Allah (ﷺ) mentioned Zakah to him, and he said: 'Do I have to do anything else?' He said: 'No, unless you do it voluntarily.' The man left saying: 'By Allah, I will not do any more than this or any less.' The Messenger of Allah (ﷺ) said: 'He will achieve salvation, if he is speaking the truth.'

ফুটনোট

সহীহ: বুখারী ৪৬, মুসলিম ১১, সহীহ আবু দাউদ ৪১৪, আস্ সহীহাহ্ ২৭৯৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86731>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন